শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৩-৩২ তারিখঃ ২০ জুন '২০২৪খ্রিঃ।

## নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের জুন'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৭ জুন'২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [ সদয় উপস্থিতির অনুরোধসহ ]
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৫। উপজেলা ----------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৬। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
৭। আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

## উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৩২

তারিখঃ ২০ জুন ' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
| --- | --- | --- |
| ১ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ৩ | উপজেলা প্রকৌশলী | |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১১ | উপজেলা প: প: কর্মকর্তা | |
| ১২ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা | |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | |
| ১৪ | ফরেস্টার, সামাজিক বনায়ন | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) | |

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৩২

তারিখঃ ২০ জুন ' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ৩. | মেয়র, বাঘারপাড়া পৌরসভা | [illegible] |
| ৪. | চেয়ারম্যান, জহুরপুর ইউপি | [illegible] |
| ৫. | চেয়ারম্যান, বন্দবিলা ইউপি | [illegible] |
| ৬. | চেয়ারম্যান, রায়পুর ইউপি | [illegible] |
| ৭. | চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি | [illegible] |
| ৮. | চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি | [illegible] |
| ৯. | চেয়ারম্যান, দোহাকুলা ইউপি | [illegible] ২০/০৬/২৪ |
| ১০. | চেয়ারম্যান, দরাজহাট ইউপি | [illegible] |
| ১১. | চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি | [illegible] ২৪/৬/২৪ |
| ১২. | চেয়ারম্যান, জামদিয়া ইউপি | [illegible] |

উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের মাসিক সাধারন
সভার উপস্থিতি-

সভাপতি : জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ/সময় : ২৭/০৬/২০২৪ বৃহস্পতিবার বেলা -১১:৩০ ঘটি

সভায় উপস্থিত জনপ্রতিনিধীগনের স্বাক্ষর :

১। জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপ: পরিষদ →

২। জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান " →

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া →

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি →

৫। " বন্দবিলা " →

৬। " রায়পুর " →

৭। " নারিকেলবাড়ীয়া " →

৮। " ধলগ্রাম " →

৯। " দোহাকুলা " →

১০। " দরাজহাট " →

১১। " বাসুয়াড়ী " →

১২। " জামদিয়া " →

## সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগনের স্বাক্ষর:

১। ডা. আবদুল আরফিন- উপজেলা প্রাণিসম্পদ অফিসার
২। ইফতিয়াজ আহাম্মদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৩। তহুরা হক, উপজেলা মৎস্য কর্মকর্তা
৪। মো: ইকবাল হোসেন_ UFPO
৫। মো: আনোয়ারুল আলম_ USSO_ তারাগঞ্জ
৬। মো: আবু হানিফ, SAE, DPHE
৭। মো: মোত্তালেব হোসেন VDF, GGDP
৮। সালেহ আনোয়ার উপসহকারী প্রকৌশলী LGED
৯। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১০। সালমা খাতুন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা –
১১। মো: আবুর আলী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা 24/04/24
১২। মোহা: মোস্তাফিজুর রহমান উপজেলা সমবায় অফিসার
১৩। মো: আতিকুর রহমান উপজেলা সমাজসেবা অফিসার 24/04/24
১৪। মো: আবু দাউদ- উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার 24/04/24
১৫। ডা. তরুণ জ্যোতি ঘোষ. উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স তারাগঞ্জ, রংপুর
১৬। মো: আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার –
১৭। মো: জাহিদুল ইসলাম – AUEO –

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৭ জুন ২০২৪ বৃহস্পতিবার, বেলা-১১.৩০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের তালিকা :**

০১) জনাব মোঃ শরিফুল ইসলাম, প্যানেল মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

**অনুপস্থিত সদস্যদের তালিকা :**

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :**

০১) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব তহরা হক, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব সালেহ আকরাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১০) জনাব সালমা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব মোঃ আরব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৩ মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব মোঃ আবু দাউদ, উপসহকারী কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৫) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
১৬) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৭) জনাব মোঃ জাহিদুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

**অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):**

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি । | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় । | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (**ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন**)**<br><br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | নিয়মীত বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক (**উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা**)**:-<br><br>**ক) বার্ষিক উন্নয়ন প্রকল্প(এডিপি):** উপজেরা প্রকৌশলী জানান যে, উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এর ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় গৃহিত সকল প্রকল্পের বিল প্রদান কার্যক্রম সমাপ্ত হয়েছে । আর কোন প্রকল্পের বিল প্রদান কার্যক্রম বাকী নাই ।<br><br>**(খ) কয়ার বটতলায় মেলাকরণ সংক্রান্তঃ** বাঘারপাড়া উপজেলা পর্যায়ে তেমন কোন বিনোদন কেন্দ্র নাই, শুধু মাত্র উপজেলা প্রশাসন কর্তৃক স্থাপিত কয়ার বটতলা নামক জায়গায় জেলা প্রশাসন ইকোপার্কে বিশেষ বিশেষ দিনে জনসমাগম হয় । সেপ্রেক্ষিতে উক্ত স্থানে পহেলা বৈশাখ ও ঈদের সময় কয়েকদিন ব্যাপি মেলা বসে । যা এলাকাবাসির দাবীর প্রেক্ষিতে একেবারে বন্ধ না করে কিভাবে শৃঙ্খলার মধ্যে কিভাবে পরিচালনা করা যায় তা পর্যালোচনা করার লক্ষ্যে সভায় উপস্থাপন করা হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মেলা কারা স্থাপন করবে তারা সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়াম্যানের মাধ্যমে পরিচালনা কমিটি গঠন মেলা স্থাপনের অনুমোদনের জন্য বিধি মোতাবেক আবেদন করবে এবং অনুমতি প্রাপ্তির পর যথাযথ আইন বিধি মেনে মেলা পরিচালনা করতে দেওয়া যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয় এবং চেয়ারম্যান, দোহাকুলা ইউপিকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।<br><br>(গ) **সেচ অনুমোদন সংক্রান্তঃ** উপজেলা সেচ কমিটির গত ২৯-০৪-২০২৪ খ্রিঃ তারিখের সভায় অনুমোদন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসহ অযোগ্য বিভিন্ন তালিকা পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর নলকূপ-৩৫টি, অনুমোদন যোগ্য গভীর-০৪টি, নবায়ন যোগ্য-০৯টি এবং অনুমোদন অযোগ্য অগভীর নলকূপ-২০০টি, অনুমোদন অযোগ্য গভীর-১৪টি স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় । | (খ) যথাযথ আইন বিধি মেনে মেলা পরিচালনা করতে দেওয়া যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়<br><br>**(গ)**উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়া হয় । | (খ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া<br><br>(গ) ১। উপজেলা নির্বাহী অফিসার<br><br>২। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br>**(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) এপ্রিল-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয় । | (ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়। | (ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | **(খ) পৌরকর প্রদানঃ** মেয়র, বাঘারপাড়া পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের আওতাধীন বিভিন্ন ভবন ও বাসাবাড়ি-৩,১৯,৩২৩/, উপজেলা পরিষদ সংলগ্ন দোকানঘর-৮০,২৯০/-থানা বাজার দোকানঘর-৩০,৭২৮/- সর্বমোট পৌরকর বাবদ=৪৩০৩৪১/- টাকা পরিশোধের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | (খ)বিধি মোতাবেক নিয়মিত পৌরকর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া |
| | **(গ) উপজেলা পরিষদের ০৭টি দোকানঘর সংক্রান্তঃ** বাঘারপাড়া উপজেলার মালিকানাধীন খালি পড়ে থাকা ০৭টি দোকানঘরের মধ্যে ০৩(তিন)টি দোকানঘর ইজারার মাধ্যমে ভাড়া প্রদানপূর্বক ভাড়ার টাকা উপজেলা পরিষদ জামে মসজিদকে প্রদানের বিষয়ে উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। পরবর্তীতে দোকানঘর ভাড়া প্রদান করে ভাড়ার টাকা মসজিদের তহবিলে প্রদান করা হচ্ছে মর্মে তথ্য পাওয়া গেলেও ইজারা প্রদান সংক্রান্ত কোন কাগজপত্র অত্র কার্যালয়ে সংরক্ষিত নেই।<br><br>(২) উপজেলা পরিষদের ফেব্রুয়ারী-২০২৪ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১২মার্চ ২০২৪খ্রিঃ তারিখের ৪৬.০০.৪১০৯.০০০.১৭.০০২.২২-০৫নং স্মারকে নোটিশের মাধ্যমে উপজেলা পরিষদের চৌরাস্তা সংলগ্ন ০৩(তিন) দোকানঘরে ব্যবসায়ীদের নিকট তারা কোন কাগজপত্রের(বৈধ) বিনিময়ে উক্তঘর ব্যবহার করছেন সেবিষয়ে ব্যাখ্যা ও কাগজপত্র চাওয়া হয় । উক্ত নোটিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ব্যবসায়ীগণ লিখিতভাবে জানান যে তারা শুধু মাত্র দোকানের কর্মচারী উক্ত দোকানসমূহের ভাড়াটিয়াগণের মধ্যে দুইজন চিকিৎসার জন্য ভারতে এবং আর একজন তাবলীগ জামাতের চিল্লায় গেছেন সেহেতু কাগজপত্র প্রদর্শনের জন্য ০১(এক) মাস ১০-১৫ দিন সময় প্রার্থনা করেছেন মর্মে দাখিলকৃত আবেদন সভায় উপস্থাপিত হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ তাদেরকে আবেদনের তারিখ হতে ০১(এক) মাসের সময় দেওয়ার বিষয়ে অভিমত ব্যক্ত করায় সভায় উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে তাদেরকে একমাসের সময় দেওয়া হয় । পরবর্তীতে এ বিষয়ে দোকানে অবস্থানকৃতদের সহিত যোগাযোগ করা হলেও অদ্যবধি কোনরুপ কাগজপত্র বা তথ্য পাওয়া যায়নি মর্মে সভায় উপস্থাপিত হয় ।<br>(৩) সুতরাং বর্ণিত দোকানঘর ০৩ (তিন) টি এবং থানা বাজারে খালি থাকা ০৪(চার) টি সর্বমোট ০৭(সাত) টি দোকানঘরের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সর্বসম্মতিক্রমে দোকানঘরসমূহ উপজেলা পরিষদের (সম্পত্তি হস্তান্তর, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০১০ এর ৯(১) (২) বিধি মোতাবেক জেলা প্রশাসকের অনুমোদন গ্রহণপূর্বক টেন্ডার আহবানপূর্বক ভাড়া প্রদান করা সিদ্ধান্ত গৃহিত হয় ।<br>এ বিষয়ে চেয়ারম্যান, দোহাকুলা ইউপি জানান যে, টেন্ডার প্রক্রিয়াটি সচ্ছতা আনায়নের স্বার্থে অনলাইনে ই-টেন্ডার সিস্টেমে করতে হবে। এ বিষয়ে বলা হয় যে, ঠিকাদারি লাইসেন্স ছাড়া ই-টেন্ডার দাখিল করা সম্ভব হয়না সেক্ষেত্রে দোকান গ্রহনের আগ্রহী আসল ব্যক্তিবর্গ টেন্ডার থেকে বাদ পড়ে যাবে । সুতরাং বিস্তারিত আলোচনান্তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ভাড়া দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় । | (গ)<br>উপজেলা পরিষদের ০৭(সাত) টি দোকানঘর বিধি মোতাবেক জেলা প্রশাসকের অনুমোদন গ্রহণপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে আহবানপূর্বক ভাড়া প্রদান করা সিদ্ধান্ত গৃহিত হয় । | (গ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | **(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের প্রাচিরের মধ্যে অবস্থিত সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের প্রাচিরের অভ্যন্তরে **মরা** আমগাছ-০৩টি, নিমগাছ-০২টি, ছোট কাঠালগাছ-১টি, নারিকেল গাছ-০১টি এবং ঝড়ে ভেঙ্গে পড়া আমড়া গাছ-০১টি, বেল গাছ-০১টি ও লম্বু গাছ-০১টি নিরাপত্তার দ্রুত অপসারণ করা প্রয়োজন বিধায় ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া কর্তৃক প্রস্তুতকৃত এবং মুল্যনির্ধারণী কমিটি কর্তৃক সুপারিশকৃত =৩৬৬৮৪/- টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয় । সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং ঝুকিপূর্ণ গাছ হওয়ায় দ্রুততার সহিত গাছগুলি কেটে রেখে দিয়ে অনুমোদন সাপেক্ষে টেন্ডার করার সিদ্ধান্ত গৃহিত হয় । সেপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ(উপ-২ শাখা) এর ১৫-০৮-২০০৭খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪নং স্মারকের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসকের অনুমোদনের জন্য প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় । | (ঘ) ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া কর্তৃক প্রস্তুতকৃত =৩৬৬৮৪/- টাকার প্রাক্কলনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং ঝুকিপূর্ণ গাছ হওয়ায় দ্রুততার সহিত গাছগুলি কেটে রেখে দিয়ে অনুমোদন সাপেক্ষে টেন্ডার করার সিদ্ধান্ত গৃহিত হয় । | (ঘ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (৩) উপজেলা প্রকৌশলী |
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br><br>আলোচনা নাই | | |
| ০৭. | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, এডিপি এর টেন্ডার কাজের বিল প্রদান কার্যক্রম চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী |
| **খ.স্বাস্থ্য বিভাগ:** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এর বহিঃ বিভাগ থেকে ৬৩৪০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরম্নরী বিভাগ থেকে ১৬০৮ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৭৭৮ জন রোগীকে অমত্মঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৪০ জন, ১৫ জন সিজারিয়ান করা হয়। ২৫১ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ১৯৬৯৫ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬৯৭ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩৬০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। হাসপাতাল প্রশাসনের নিয়মিত বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্ন কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **গ.কৃষি বিভাগ:** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে খরিফ-১ মৌসুমে আউশ ধান-১০২০ হেঃ আবাদ হয়েছে। বাকি জমিতে আউশ ধানের আবাদ চলমান রয়েছে। বিভিন্ন ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন, ফলগাছের পরিচর্যা, বসতবাড়ীতে পুষ্টিবাগান স্থাপনসহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশন প্রদান করা হয়েছে। প্রনোদনার আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে প্রনোদনা কর্মসূচির আওতায় ১৫৮০ জন কৃষকের মাঝে বিনা মূল্যে বিতরণের জন্য রোপা আমন ধানের বীজ ও রাসায়নিক সারের বরাদ্দ পাওয়া গেছে এবং অগ্রাধিকার কৃষকের তালিকা উপজেলা কৃষি পূর্ণবাসন বাস্তবায়ন কমিটির অনুমোদন সাপেক্ষে বিতরণ কার্যক্রম ২৬/০৬/২০২৪ইং তারিখ থেকে শুরু হবে। কোথাও সারের কোন ঘাটতি নাই। বাজার স্থিতিশীল আছে। এ ব্যাপারে উপসহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা কৃষি অফিসার সর্বদা সার মনিটরিং করছেন। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা । |

| | | | |
|---|---|---|---|
| ঘ.মৎস্য বিভাগ: | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, রাজস্ব অর্থায়নে দরাজহাট বাওড়ে বিল নার্সারী স্থাপনের জন্য গত ১৩-০৬-২০২৪খ্রিঃ তারিখ রেনু মাছ অবমুক্ত করা হয়েছে। যশোর সদর উপজেলা মৎস্য দপ্তরের সাথে যৌথভাবে জামালপুর হতে ঘুনী পর্যন্ত ভৈরব নদীতে মৎস্য আইনে অভিযান পরিচালনা করে ৩৫টি(৩৫০০মিটার) অবৈধ চায়না দুয়ারী জাল বিনষ্ট করা হয় । উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীদের মৎস্য চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। ১লা নভেম্বর ২০২৩খ্রি. তারিখ হতে ৩০শে জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য আড়ৎ ও মৎস্য বাজার সার্বক্ষনিক জাটকা সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ঙ.প্রাণি সম্পদ বিভাগ: | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, মে-২৪খ্রিঃ মাসে ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন-১৮৭, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন-১১৪০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৬২, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান- ক. গবাদিপশুর টিকা প্রদান-৯৮০০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-১২৬০০০ মাত্রা ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান-২২৩২ টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান- ১১৭৪৬টি, ৫.পেষাপ্রাণির চিকিৎসা প্রদান-০৪টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা-০৪টি, ৭.খামার পরিদর্শন-১০টি, ৮.দুধ উৎপাদন-৩৪৭৮টি, ৯.মাংস উৎপাদন-১৪৭০ মে.টন, ১০.ডিম উৎপাদন-০.৪৫ লক্ষ **সারাদেশ ব্যাপি প্রণিসম্পদ ডিজিটাল সার্ভে কার্যক্রম চলমান।, ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)। ক. টিকাবীজ বিক্রয়-৪১১০০/-, খ.কৃত্রিম প্রজনন-৯৪৮৫০/-, গ.খামার রেজিঃ-৫০০০/- । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| চ.সমাজসেবা দপ্তর: | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ৪র্থ কিস্তির সকল ভাতার পেরোল পাঠানো হয়েছে এবং যার ভাতা বিতরন কার্যক্রম চলমান। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য । ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান ২০২৩-২৪ অর্থবছরে উপকারভোগীদের চাহিদা মোতাবেক ১৫টি ছাগল, ০২টি ইঞ্জিন চালিত অটোভ্যান, ০৩টি পায়ে চালিত ভ্যানগাড়ি, ০১টি মুদি দোকান মালামালসহ মোট ২১জনকে সহায়ক উপকরণ বিতরণ করা হয় । পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ বিতারন-৪৩০২৬৫ মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ছ.পরিবার পরিকল্পনা বিভাগ: | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫৫২৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৩৪৫(চক্র) কনডম ৫৮০(পিস) ইনজেকটেবল ০১ জন আইইউডি ০৩জন, ইমপ্লান্ট ৫৯জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০০, মোট ০০ জন । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক): | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট উপজেলা পর্যায়ের খেলা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক): | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম নির্দেশনা মোতাবেক সুষ্টভাবে চলমান আছে । ২০২৪ সালে এসএসসি ও দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে । অত্র উপজেলার ফলাফল গত বছরের তুলনায় ভালো । | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |
| ঞ.পল্লী উন্নয়ন বিভাগ: | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ৪৩৬ টি দল/সমিতিরি ১২৪৪৮ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪৯.০০ লক্ষ টাকা। চলতি আর্থিক বছরে ৮১০ জন সদস্যর মধ্যে ৪৫০.১৩ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরন করা হয়েছে এবং ৪০২.১৪ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ট. যুব উন্নয়ন দপ্তর: | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্য থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে মোট ১২০ জন কে যুব ঋণ হিসাবে ৪৭,৩০,০০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার আত্নকর্ম ঋনের ৯১% এবং পরিবার ভিত্তিক ১০০%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ঠ. সমবায় বিভাগ : | উপজেলা সমবায় কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ২টি ও ৬৯ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২১-২০২২সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,২৩,০৩০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,২৩,০৩০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৮১১২৭/-টাকা, আদায়কৃত সিডিএফ ৮১১২৭/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋন বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ২০০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৯৮,৭৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৭৬,০৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ড. মহিলা বিষয়ক দপ্তর: | **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। জুন-২০২৪ মাসের খাদ্যশস্য বিতরণের জন্য ডিও প্রদান করা হয়েছে। ভিডব্লিউবি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা হতে এনজিও নিয়োগ করা হয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতি ইউনিয়নে ০৬ (ছয়) জন করে ০৯ টি ইউনিয়নে মোট ৫৪ জন এবং বাঘারপাড়া পৌরসভায় ১৩ জন ভাতাভোগী নির্বাচনের বরাদ্দ রয়েছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ঢ. ত্রাণ বিভাগ: | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের গভীর নলকূপের চালান সংগ্রহের কাজ চলমান পাশাপাশি নলকূপ স্থাপনের কাজও চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ২২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ত. বন বিভাগ | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, খানপুর হতে সাদিপুর বনায়ন করা হয়েছে। ২০২৩-২৪ আর্থিক সালে প্রতিটি চারা ৯/- টাকা হারে বিক্রয়/বিতরণ ২০০০টি বনজ, ফলজ ও ভেষজচারা উত্তোলন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে মাননীয় সাংসদ সদস্য মহোদয়ের মাধ্যমে ২৫০০টি চারা এবং প্রশাসনের মাধ্যমে ৭৫০০টি ফ্রি বিতরণের জন্য অনুমোদন পাওয়া গিয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর |
| ০৯.বিবিধ: | **নবনির্মিত জামদিয়া রেলষ্টেশনের নাম বীর প্রতিক ইঞ্জিনিয়ার ইসহাক করণ সংক্রান্তঃ** এ বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়(সাধারণ শাখা), যশোর এর ১৫-০৪-২০২৪খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪১০০.০০১.১০.০১২.২৪-২৮১ নং স্মারকপত্র ও তৎসংলগ্ন তাঁর ছেলে জনাব এ. আই. এম হাসানুল মুজিব কর্তৃক দাখিলকৃত আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। এছাড়া আরো জানানো হয় যে, সংশ্লিষ্ট বিষয়টি জামদিয়া ইউনিয়ন পরিষদে মতামতের জন্য প্রেরণ করা হয়, সেপ্রেক্ষিতে জামদিয়া ইউনিয়ন পরিষদ | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি আরো পর্যালোচনাপূর্বক নিষ্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদের পরবর্তী সাধারণ সভায় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। জনপ্রতিনিধী (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | কর্তৃক গত ২৩-০৪-২০২৪খ্রিঃ তারিখে বিশেষ সভা আহবানপূর্বক আলোচনা করে বিভিন্ন বিষয়াদি তুলে ধরে নামকরণ প্রস্তাব প্রত্যারের অনুরোধ করে কার্যবিবরণীসহ ২৩-০৪-২০২৪খ্রিঃ তারিখের ইউপি/জাম/বাঘার/য-৬৯/২০২৪নং স্মারকে প্রেরণ করেছে মর্মে সভায় উপস্থাপিত হয়। <br> (১)এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনাকালে জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি জানান যে, মুক্তিযুদ্ধের ক্ষেত্রে বীর প্রতিক একটি বড় খেতাব। জনাব বীরপ্রতিক ইঞ্জিনিয়ার ইসহাক সাহেব অত্র উপজেলার একমাত্র ব্যক্তি যিনি উক্ত খেতাব প্রাপ্ত হয়েছে। সুতরাং তার নামে স্টেশনের নামকরণ করা উচিত বলে তিনি মনে করে। <br> (২) এ বিষয়ে জামদিয়া ইউনিয়ন চেয়ারম্যান তার পরিষদের কার্যবিবরণীতে উপস্থাপিত বক্তব্য পুনরায় উপস্থাপন করেন। সেটা হলো--- "জামদিয়া ইউনিয়ন পরিষদ এর উল্লেখিত বিষয়াদি:- ধলগ্রাম ইউনিয়ন পরিষদে বীর প্রতিক ইসহাক নামে একটি বালিকা বিদ্যালয় ও একটি মহাবিদ্যালয় রয়েছে। তাছাড়া ২০০২ সালে জাতীয় নির্বাচনে নৌকা প্রতিকের বিরুদ্ধে চশমা প্রতিক নিয়ে সতন্ত্র প্রার্থী হিসাবে ভোট করেছিলেন যাহা আওয়ামীলীগ আদর্শিক দলের আচারণ বিধি ভঙ্গ করে এবং দলীয় প্রার্থী শাহ হাদীউজ্জামান পরাজিত হয়"। <br> এছাড়া তিনি বলেন জামদিয়া স্টেশনের নাম পরিবর্তন করার চেষ্টা করা হলে এলাকার জনসাধারণকে সাথে নিয়ে মানববন্ধনসহ বিবিন্ন কর্মসূচি প্রদান করার প্রত্যয় ব্যক্ত করে প্রস্তবনার বিপক্ষে তার অবস্থান প্রকাশ করেন। | উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

## উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৩৯** **তারিখঃ ০১- ০৭-২০২৪ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ........................................... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,..............................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

# পরিশিষ্ঠ-গ

## উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

## মে-২০২৪

যে সভায় উপস্থাপিতঃ- জুন-২০২৪

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল-২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান | ৪০০০০/- | চেক নং ৪৭০৪৭৮০ তাং ০২.০৫.২০২৪ |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল -২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৭৮১ তাং ০২.০৫.২০২৪ |
| ৩. | জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল -২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৭৮২ তাং ০২.০৫.২০২৪ |
| ৪. | মোঃ খলিল হোসেন, মালী, উপজেলা পরিষদকে এপ্রিল -২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩২০০/- | চেক নং ৪৭০৪৭৮৩ তাং ০২.০৫.২০২৪ |
| ৫. | জীবন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে এপ্রিল-২০২৪ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩২০০/- | চেক নং ৪৭০৪৭৮৪ তাং ০২.০৫.২০২৪ |
| ৬. | কিংকর বিশ্বাস, প্রোপাইটার, জান্নাতুল হোটেলকে এপ্রিল ও মে-২০২৪ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান | =৫৩৭০০/- | চেক নং ৪৭০৪৭৮৫ তাং ১২.০৫.২০২৪ |
| ৭. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৬৩০০/- | চেক নং ৪৭০৪৭৮৬ তাং ১২.০৫.২০২৪ |
| ৮. | জনাব জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি ও পিআইসি সভাপতিকে মশা নিধন খাত হতে ফগার মেশিন ও ক্যামিকেল ক্রয় প্রকল্পের বিল প্রদান | =৮৪১২৯/- | চেক নং ৪৭০৪৭৮৭ তাং ১২.০৫.২০২৪ |
| ৯. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী পিআইসি বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =১২৫৭১/- | চেক নং ৪৭০৪৭৮৮ তাং ১২.০৫.২০২৪ |
| ১১. | জনাব খলিল, সাং-চেচুয়াখোলা কে মেঘনা ভবনের সেপটি ট্যাংক ও সোকল পরিস্কার ও লাইন মেরামত কাজের মুজুরী বিল প্রদান | =২১,০০০/- | চেক নং ৪৭০৪৭৮৯ তাং ১২.০৫.২০২৪ |
| ১২. | জান কম্পিউটার, আর এন রোড, যশোরকে টোনার ক্রয় ও ফটোকপি মেশিন মেরামত কাজের বিল প্রদান | =২৫২৩০/- | চেক নং ৪৭০৪৭৯০ তাং ১২.০৫.২০২৪ |
| ১৩. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী টোনার ক্রয় ও ফটোকপি মেশিন মেরামত কাজের বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩৭৭০/- | চেক নং ৪৭০৪৭৯১ তাং ১২.০৫.২০২৪ |
| ১৬ | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের এপ্রিল-২৪ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান | =৫৫৬২/- | চেক নং ৪৭০৪৭৯২ তাং ২০.০৫.২০২৪ |

২/৭/২০২৪

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

২/৭/২০২৪

ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।